# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৩.২০-২০০

তারিখঃ ১২-০৩-১৪২৯ বঃ
২৬-০৬-২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ সাইফুল ইসলাম (আইডি নং-৮৩১২০২০০২), অফিস সহায়ক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকার বিরুদ্ধে জনসংযোগ পরিদপ্তরের ভূয়া পরিচালক পরিচয় দিয়ে চাকরি দেয়ার নামে প্রতারণা ও অর্থ আত্মসাৎ করা, জনাব শাহ মোঃ সামিউল আখতার তার স্ত্রীর কৃষি বাজার শাখা, মোহাম্মদপুর, সোনালী ব্যাংকের একাউন্ট নং-৪৪৪৬১০১০০৬১৩৯ হতে তাকে তার সোনালী ব্যাংক, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকার একাউন্ট নং-১৬১৯৬০১০০৭৬৫৮তে গত ০৬/০৯/২০১৮ ইং, ১২/০৯/২০১৮ ইং এবং ১৬/১০/২০১৮ ইং তারিখে যথাক্রমে ২,০০,০০০/-, ১০,০০০/- ও ১,১০,০০০/- সহ সর্বমোট ৩,২০,০০০/= টাকা প্রদান করা, জনাব শাহ মোঃ সামিউল আখতার বিগত ১০/১১/২০১৮ ইং তারিখে ঢাকাস্থ মিরপুর গোল চত্বরের সামনে থেকে তাকে ১,৮০,০০০ টাকা নগদ প্রদান করা, তিনি জনাব শাহ মোঃ সামিউল আখতারের নিকট হতে ধার হিসাবে ৪,৭০,০০০ টাকা নগদে ও একাউন্টের মাধ্যমে গ্রহণ করা, তিনি জনাব শাহ মোঃ সামিউল আখতারকে প্রাণনাশের হুমকি ও ভয়ভীতি প্রদান করায় মোহাম্মদপুর থানায় ২৬/১০/২০১৯ ইং তারিখে ডায়রী নং-২০৩৮ দায়ের করা এবং জনাব শাহ মোঃ সামিউল আখতারকে সিকিউরিটি হিসেবে প্রদত্ত সোনালী ব্যাংকের ২টি (২,০০,০০০ টাকা +১,৫০,০০০ টাকা) এবং ডাচ্ বাংলা ব্যাংকের ১ টি (১,২০,০০০ টাকা মূল্যের) চেক প্রদান করেন যা তার একাউন্টে পর্যাপ্ত টাকা না থাকায় বর্ণিত চেক ৩টি Dishonour হওয়া সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ এর (খ) ও (চ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭. ৩২৩.২০-২৩১ তারিখ ০৮-০৯-২০২১ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল হতে বিরত থাকায় সূচিত কার্যধারায় আনীত অভিযোগ পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৩.২০-২৭৭ তারিখঃ ০১-১১-২০২১ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক এর বিরুদ্ধে আনীত ৭টি অভিযোগের মধ্যে ৫টি অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিতকরণ দন্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ সাইফুল ইসলাম (আইডি নং-৮৩১২০২০০২), অফিস সহায়ক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার বেতন,সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিতকরণ দন্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৬/০৬/২০২২

(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩১০১৪

২৬/৬/২২

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩২৩.২০-২০০(৭)

তারিখঃ ১২-০৩-১৪২৯ বঃ
২৬-০৬-২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। পরিচালক, কর্মচারী/হিসাব রক্ষণ/অডিট/অর্থ/জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। উপপরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৭। জনাব মোঃ সাইফুল ইসলাম (আইডি নং-৮৩১২০২০০২), অফিস সহায়ক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২৬/০৬/২০২২
(ফজলুল করিম)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৪০৩১১০০১

ডায়েরী নং ৩৭৮ তারিখঃ 27/6/22
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
27/06/2022 তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা